গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
চলচ্চিত্র-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নং-১৫.০০.০০০০.০৪১.০২.০০৩.২০ ১৭৭

তারিখঃ ০১ জ্যৈষ্ঠ ১৪২৮
১৫ জুন ২০২১

## প্রজ্ঞাপন

চলচ্চিত্র শিল্পে মেধা ও সৃজনশীলতাকে উৎসাহিত করা এবং বাংলাদেশের আবহমান সংস্কৃতি, স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনা সমুন্নত রাখার লক্ষ্যে, রুচিশীল ও শিল্পমানসমৃদ্ধ পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি পৃষ্ঠপোষকতা ও সহায়তা প্রদানের উদ্দেশ্যে 'পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান কমিটি'র সদস্যদের সর্বসম্মত সিদ্ধান্তের ভিত্তিতে নিম্নের ছকে উল্লিখিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের নিমিত্ত সংশ্লিষ্ট প্রযোজককে ২০২০-২১ অর্থবছরে অনুদান প্রদানের জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে। উল্লেখ্য, এ বছর বৈশ্বিক মহামারি করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে চলচ্চিত্র শিল্প ক্ষতির সম্মুখীন হয়েছে বিধায় এ শিল্পের স্বার্থ বিবেচনায় বিদ্যমান নীতিমালার আওতায় অধিক সংখ্যক পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্রকে অনুদানের জন্য বিবেচনা করা হয়েছে:

| ক্রমিক নং | প্রযোজক ও পরিচালকের নাম | চলচ্চিত্রের নাম ও শাখা | অনুদানের পরিমাণ |
|---|---|---|---|
| ১ | প্রযোজক ও পরিচালক: জনাব জাহাঙ্গীর হোসেন মিন্টু (জেড, এইচ, মিন্টু) | ক্ষমা নেই<br>(মুক্তিযুদ্ধ ভিত্তিক) | ৬০,০০,০০০/-<br>(ষাট লক্ষ) |
| ২ | প্রযোজক ও পরিচালক: জনাব নঈম ইমতিয়াজ নেয়ামূল | সাড়ে তিন হাত ভূমি<br>(মুক্তিযুদ্ধ ভিত্তিক) | ৬০,০০,০০০/-<br>(ষাট লক্ষ) |
| ৩ | প্রযোজক: বেগম বদরুন নেছা খানম<br>পরিচালক: জনাব উজ্জল কুমার মন্ডল | মৃত্যুঞ্জয়ী<br>(মুক্তিযুদ্ধ ভিত্তিক) | ৬৫,০০,০০০/-<br>(পঁয়ষট্টি লক্ষ) |
| ৪ | প্রযোজক: জনাব এফ এম শাহীন<br>পরিচালক: (১) জনাব এফ এম শাহীন এবং (২) জনাব হাসান জাফরুল | মাইক<br>(শিশুতোষ শাখা) | ৫০,০০,০০০/-<br>(পঞ্চাশ লক্ষ) |
| ৫ | প্রযোজক ও পরিচালক: মিস লুবনা শারমিন | নুলিয়াছড়ির সোনার পাহাড়<br>(শিশুতোষ শাখা) | ৬০,০০,০০০/-<br>(ষাট লক্ষ) |
| ৬ | প্রযোজক: জনাব মিটু সিকদার<br>পরিচালক: জনাব কাজী হায়াৎ | জয় বাংলা<br>(সাধারণ শাখা) | ৬৫,০০,০০০/-<br>(পঁয়ষট্টি লক্ষ) |
| ৭ | প্রযোজক: জনাব মো: জানে আলম<br>পরিচালক: জনাব অনিরুদ্ধ রাসেল | জামদানী<br>(সাধারণ শাখা) | ৬৫,০০,০০০/-<br>(পঁয়ষট্টি লক্ষ) |
| ৮ | প্রযোজক ও পরিচালক: জনাব জাহিদুর রহিম অঞ্জন | চাঁদের অমাবস্যা<br>(সাধারণ শাখা) | ৭০,০০,০০০/-<br>(সত্তর লক্ষ) |
| ৯ | প্রযোজক: মিস জয়া আহসান<br>পরিচালক: জনাব মেজবাউর রহমান সুমন | রইদ<br>(সাধারণ শাখা) | ৬০,০০,০০০/-<br>(ষাট লক্ষ) |
| ১০ | প্রযোজক: (১) মিস্ মাহজাবিন রেজা চৌধুরী,<br>(২) জনাব মো: আসাদুজ্জামান এবং (৩) জনাব অমিতাভ রেজা চৌধুরী<br>পরিচালক: জনাব অমিতাভ রেজা চৌধুরী | পেন্সিলে আঁকা পরী<br>(সাধারণ শাখা) | ৬০,০০,০০০/-<br>(ষাট লক্ষ) |
| ১১ | প্রযোজক ও পরিচালক: জনাব অরুণ চৌধুরী | জলে জলে<br>(সাধারণ শাখা) | ৬০,০০,০০০/-<br>(ষাট লক্ষ) |
| ১২ | প্রযোজক ও পরিচালক: মিস্ অরুণা বিশ্বাস | অসম্ভব<br>(সাধারণ শাখা) | ৬০,০০,০০০/-<br>(ষাট লক্ষ) |
| ১৩ | প্রযোজক ও পরিচালক: মির্জা সাখাওয়াৎ হোসেন | ভাঙন<br>(সাধারণ শাখা) | ৬০,০০,০০০/-<br>(ষাট লক্ষ) |
| ১৪ | প্রযোজক ও পরিচালক: জনাব রকিবুল হাসান চৌধুরী (পিকলু) | দাওয়াল<br>(সাধারণ শাখা) | ৬৫,০০,০০০/-<br>(পঁয়ষট্টি লক্ষ) |
| ১৫ | প্রযোজক: জনাব রেজাউর রহমান খান (পিপলু আর খান)<br>পরিচালক: জনাব ইকবাল হোসাইন চৌধুরী | বলী<br>(সাধারণ শাখা) | ৬০,০০,০০০/-<br>(ষাট লক্ষ) |
| ১৬ | প্রযোজক: মিস্ তামান্না সুলতানা<br>পরিচালক: জনাব আব্দুস সামাদ খোকন | শ্রাবণ জোৎস্নায়<br>(সাধারণ শাখা) | ৬০,০০,০০০/-<br>(ষাট লক্ষ) |
| ১৭ | প্রযোজক ও পরিচালক: জনাব আশুতোষ ভট্টাচার্য (আশুতোষ সুজন) | দেশান্তর<br>(সাধারণ শাখা) | ৬০,০০,০০০/-<br>(ষাট লক্ষ) |

চলমান পাতা

| | | | |
|---|---|---|---|
| ১৮ | প্রযোজক: জনাব খোরশেদ আলম খসরু<br>পরিচালক: জনাব এস. এ. হক অলিক | গলুই<br>(সাধারণ শাখা) | ৬০,০০,০০০/-<br>(ষাট লক্ষ) |
| ১৯ | প্রযোজক: জনাব মাহফুজুর রহমান<br>পরিচালক: জনাব ইব্রাহিম খলিল মিশু | দেয়ালের দেশ<br>(সাধারণ শাখা) | ৬০,০০,০০০/-<br>(ষাট লক্ষ) |
| ২০ | প্রযোজক: জনাব দেলোয়ার হোসেন দিলু<br>পরিচালক: জনাব কবিরুল ইসলাম রানা (অপূর্ব রানা) | জলরঙ<br>(সাধারণ শাখা) | ৬০,০০,০০০/-<br>(ষাট লক্ষ) |

অনুদানের শর্তাবলি:

১.চলচ্চিত্রগুলো নির্মাণের বিষয়ে পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান কমিটি ও অনুদান উপ-কমিটি কোনো পরামর্শ প্রদান করলে তা যথাযথ অনুসরণ করতে হবে।

২. সরকারের পূর্বানুমতি ব্যতীত অনুদান প্রাপ্ত চলচ্চিত্রের নাম/শিল্পী/কলাকুশলী/গল্প/চিত্রনাট্য/ পরিচালক পরিবর্তন করা যাবে না;

৩. পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের জন্য প্রত্যেক প্রযোজক প্রজ্ঞাপনে উল্লিখিত তাঁদের নামের পার্শ্বে বর্ণিত হারে অনুদান পাবেন;

৪. অনুদানপ্রাপ্ত চলচ্চিত্র অনুদানের প্রথম চেক প্রাপ্তির ০৯ (নয়) মাসের মধ্যে নির্মাণ কাজ শেষ করতে হবে। তবে বিশেষ অবস্থার প্রেক্ষিতে স্ক্রিপ্টের প্রয়োজনে সরকার উক্ত সময় বৃদ্ধি করতে পারবে;

৫. অনুদানে নির্মিত প্রতিটি পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্রের প্রক্ষেপণ সময় (স্থিতি) নূন্যতম ২(দুই) ঘন্টা হবে। তবে বিশেষ প্রয়োজনে অনুদান কমিটি সঙ্গত মনে করলে এ স্থিতিকাল হ্রাস/বৃদ্ধি করতে পারবে;

৬. অনুদান প্রাপ্তির জন্য নির্বাচিত চলচ্চিত্র নির্মাণ শুরু করার নিমিত্ত অনুদানের শতকরা ৩০ ভাগ অর্থ (১ম কিস্তি) প্রদান করা হবে। অনধিক ৩ (তিন) মাসের মধ্যে চলচ্চিত্রের কমপক্ষে শতকরা ৩০ ভাগ চিত্রায়নের পর প্রযোজকের আবেদনের পরিপ্রেক্ষিতে অনুদান উপ-কমিটির নিকট চিত্রায়িত অংশ সন্তোষজনক বিবেচিত হলে ৩৫ মি:মি: ফরমেটে নির্মিত চলচ্চিত্রের ক্ষেত্রে অনুদানের দ্বিতীয় কিস্তিতে আরো অনূর্ধ্ব শতকরা ৫০ ভাগ অর্থ এবং ডিজিটাল ফরমেটে নির্মিত চলচ্চিত্রের ক্ষেত্রে অনূর্ধ্ব শতকরা ৩০ ভাগ অর্থ প্রদান করা হবে। তবে স্ক্রিপ্টের প্রয়োজনে বিশেষ বিবেচনায় সরকার এ সময় বৃদ্ধি করতে পারবে;

৭. অনুদানপ্রাপ্ত চলচ্চিত্রের ক্ষেত্রে সম্পূর্ণ চলচ্চিত্রের সম্পাদিত রাশ ও ডাবিংকৃত সংলাপ অনুদান কমিটি কর্তৃক পরীক্ষার পর কমিটির সিদ্ধান্ত সাপেক্ষে ৩৫ মি:মি:ফরমেটে নির্মিত চলচ্চিত্রের জন্য অবশিষ্ট শতকরা ১০ ভাগ এবং ডিজিটাল ফরমেটে নির্মিত চলচ্চিত্রের জন্য শতকরা ৩০ ভাগ অর্থ প্রদান করা হবে। অনুদানপ্রাপ্ত চলচ্চিত্র নির্মাণ শেষে দেশের কমপক্ষে ২০টি সিনেমা হলে মুক্তি দিতে হবে এবং সিনেমা হলে মুক্তি সংক্রান্ত প্রমাণক দাখিলের পর উভয়ক্ষেত্রে অনুদানের অবশিষ্ট ১০% অর্থ প্রযোজককে প্রদান করা হবে। সংশ্লিষ্ট চলচ্চিত্র সংরক্ষণের জন্য বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ও বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডে হার্ডডিস্ক/ডিভিডি ফরম্যাটে একটি কপি অবশ্যই জমা দিতে হবে;

৮.অনুদানপ্রাপ্ত চলচ্চিত্রের সকল শিল্পী/কলাকুশলীকে বাংলাদেশের নাগরিক হতে হবে। তবে বিশেষ ভূমিকায় অংশগ্রহণের জন্য যদি কোনো বিদেশি শিল্পী/কলাকুশলীর প্রয়োজন হয়, তাহলে মন্ত্রণালয়ের অনুমতিক্রমে উক্ত শিল্পী/কলাকুশলী অংশগ্রহণ করতে পারবেন;

৯.অনুদানে নির্মিত চলচ্চিত্র মৌলিক নয় বলে প্রমাণিত হলে প্রযোজক অনুদান হিসেবে গৃহিত সমুদয় অর্থ ও সেবার মূল্য রাষ্ট্রীয় কোষাগারে প্রচলিত ব্যাংক হারে সুদসহ ফেরৎ দিতে বাধ্য থাকবে। অবৈধ পন্থা অবলম্বন বা অনুদানের শর্ত লংঘনের ক্ষেত্রে সরকার সংশ্লিষ্ট নির্মাতা/অনুদান গ্রহণকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে;

১০.উপযুক্ত কারণ ছাড়া যদি প্রযোজক অনুদান প্রাপ্ত চলচ্চিত্র নির্মাণ অসম্পূর্ণ অবস্থায় ফেলে রাখেন তাহলে সরকার বরাদ্দ আদেশ বাতিল করতে পারবে। এছাড়া চলচ্চিত্রের সাথে জড়িত সকল মালামাল ও বিষয় সম্পত্তি সরকার গ্রহণ করে নিজের অধিকারে নেয়ার অধিকার সংরক্ষণ করবে এবং প্রদত্ত অনুদানের অংশ সম্পূর্ণভাবে ফেরত পাওয়ার জন্য সরকার প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে পারবে অথবা যদি উপযুক্ত কারণ ছাড়া কোনো প্রযোজক অনুদান প্রাপ্ত চলচ্চিত্র নির্মাণ যথাসময়ে শুরু না করেন তাহলে অনুদানের সম্পূর্ণ অর্থ তিনি সরকারি কোষাগারে প্রচলিত ব্যাংক হারে সুদসহ চালান মারফত ফেরত দিবেন। তিনি অনুদানের অর্থ ফেরত দিতে ব্যর্থ হলে সরকারের প্রচলিত আইন অনুযায়ী অনুদানের অর্থ আদায়যোগ্য হবে;

১১. নির্মিত চলচ্চিত্রের ভাষা ও বিষয়বস্তু অবশ্যই জেন্ডার সংবেদনশীল হতে হবে;

১২. অনুদানপ্রাপ্ত চলচ্চিত্রের চিত্রায়ন, এডিটিং, ডাবিং ইত্যাদি বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন এবং এর আওতাধীন প্রতিষ্ঠানে সম্পন্ন করতে হবে। এক্ষেত্রে বিএফডিসি বিধি মোতাবেক তাঁদের সার্ভিস চার্জের ৫০% পর্যন্ত ছাড় দিতে পারে। তবে স্ক্রিপ্টের আলোকে বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশনের সুবিধা গ্রহণ অসম্ভব হলে সংশ্লিষ্ট প্রযোজক আবেদনের মাধ্যমে সরকারের পূর্বানুমতি গ্রহণকরতঃ অন্যত্র চলচ্চিত্রটির নির্মাণ কাজ করতে পারবেন;

১৩. প্রযোজকের মৃত্যু হলে কিংবা প্রযোজকের পক্ষে চলচ্চিত্র নির্মাণ সম্পন্ন করা অসম্ভব হলে সেক্ষেত্রে অনুদান কমিটি সংশ্লিষ্ট চলচ্চিত্রটির নির্মাণ সম্পন্নকরণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে;

১৪. অনুদান প্রদানের জন্য সরকার কর্তৃক নির্ধারিত সংখ্যক চূড়ান্তভাবে নির্বাচিত চলচ্চিত্রের গল্প লেখককে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা এবং চিত্রনাট্যকারকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উৎসাহ পুরস্কার প্রদান করা হবে। গল্পলেখক কিংবা চিত্রনাট্যকার একাধিক হলে পুরস্কারের অর্থ সমহারে বিভাজ্য হবে;

১৫. নির্মিত চলচ্চিত্র জনসাধারণের জন্য প্রদর্শনের পূর্বে আইন মোতাবেক বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের সনদপত্র গ্রহণ করতে হবে;

চলমান পাতা

১৬. সরকারি অনুদানে নির্মিত চলচ্চিত্র ডিজিটাল ফরমেটে শ্যুট (Shoot) করে নির্মাণ করা যাবে। তবে দেশের অধিকাংশ জনগণের দেখার সুবিধার্থে বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডে সেন্সরের জন্য ও বাংলাদেশ ফিল্ম আর্কাইভে সংরক্ষণের জন্য ফরমেট পরিবর্তন করে ডিভিডি ফরমেটে জমা দিতে হবে। পাশাপাশি বিভিন্ন প্রেক্ষাগৃহে প্রদর্শনের সুবিধার্থে ডিভিডি ফিল্ম ফরমেটে চলচ্চিত্র সরবরাহ করতে হবে;

১৭.কোন প্রযোজক অনুদানের অর্থ গ্রহণের পরে দ্রব্যমূল্য বৃদ্ধিজনিত সমস্যা কিংবা অন্য কোনো অজুহাতে অনুদানের অর্থ বৃদ্ধি কিংবা অন্য কোনো ধরনের সুবিধা দাবি করতে পারবেন না;

১৮. সরকারি অনুদানে নির্মিত চলচ্চিত্র রাষ্ট্রীয় প্রয়োজনে বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস এবং দেশি-বিদেশি চলচ্চিত্র উৎসবে প্রযোজককে অবহিত করে অবাণিজ্যিক ভিত্তিতে প্রদর্শনের অধিকার সরকার সংরক্ষণ করবে;

১৯. প্রতি কিস্তির অর্থ গ্রহণের ক্ষেত্রে আবেদনপত্রের সাথে চলচ্চিত্র নির্মাণ কার্যাদির তারিখ ও স্থান উল্লেখ করে কার্য তফসিল (Work Schedule), সম্ভাব্য ব্যয় প্রাক্কলন এবং প্রযোজ্য ক্ষেত্রে পূর্বতন কিস্তির সমন্বয় হিসাব জমা প্রদান করতে হবে;

২০. সরকারি অনুদান প্রাপ্ত চলচ্চিত্র নির্মাণের ক্ষেত্রে অনুদানপ্রাপ্ত প্রযোজক সরকারি অনুমতি নিয়ে সহযোগী প্রযোজক নিতে পারবে। তবে এ ক্ষেত্রে মূল প্রযোজকের নিকট চলচ্চিত্রের স্বত্ব থাকবে এবং সহযোগী প্রযোজকের নিকট কোনোভাবেই স্বত্ব হস্তান্তর করা যাবে না। আরো শর্ত থাকে যে, মূল প্রযোজকের জন্য যে শর্তাবলি প্রযোজ্য সহযোগী প্রযোজকের জন্য একই শর্তাবলি প্রযোজ্য হবে;

২১. প্রযোজক সরকারি বিধি অনুযায়ী কর/ভ্যাট প্রদান করবেন;

২২. প্রযোজক শুটিং পরিকল্পনা চূড়ান্ত করে মন্ত্রণালয়ে দাখিল করবেন ও সে মোতাবেক চলচ্চিত্র নির্মাণ করবেন;

২৩. অনুদান প্রাপ্ত চলচ্চিত্র সংশ্লিষ্ট প্রযোজক কর্তৃক ৩য় কিস্তি (শেষ কিস্তি) প্রাপ্তির ৩(তিন) মাসের মধ্যে সেন্সর সনদ গ্রহণ করতে হবে। এক্ষেত্রে যুক্তিসঙ্গত কারণ বিবেচনা করে সরকার এ সময় বৃদ্ধি করতে পারবে;

২৪. চলচ্চিত্রটি মুক্তি প্রাপ্তির এক সপ্তাহের মধ্যে এ সংক্রান্ত প্রতিবেদন প্রমাণকসহ মন্ত্রণালয়ে দাখিল করতে হবে;

২৫. চলচ্চিত্রটি প্রদর্শনের শুরুতেই 'সরকারি অনুদানে নির্মিত চলচ্চিত্র' শব্দগুলো প্রদর্শন করতে হবে;

২৬. সংশ্লিষ্ট প্রযোজক নির্ধারিত সময়ের মধ্যে চলচ্চিত্রটি সিনেমা হলে মুক্তি প্রদানে ব্যর্থ হলে সরকার চলচ্চিত্রটি নিজ হেফাজতে গ্রহণসহ অনুদান হিসেবে প্রদানকৃত সমুদয় অর্থ ব্যাংক হারে সুদসহ প্রচলিত আইন অনুযায়ী আদায় করতে পারবে;

২৭. 'পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি অনুদান প্রদান নীতিমালা, ২০২০ (সংশোধিত)' অনুসরণ করতে হবে। তবে চলচ্চিত্রটির নির্মাণ সমাপ্তির পূর্বে এ নীতিমালা সংশোধন করা হলে উক্ত সংশোধিত নীতিমালা অনুসরণ করতে হবে;

২৮. উপর্যুক্ত শর্তসমূহ পালনকল্পে নির্বাচিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্রের প্রযোজক অনতিবিলম্বে ৩০০/- (তিনশত) টাকার স্ট্যাম্পে সরকারের সঙ্গে চুক্তিস্বাক্ষর করবেন এবং চলচ্চিত্রটি কোন্ ফরমেটে (ডিজিটাল অথবা ৩৫ মিঃ মিঃ) নির্মিত হবে তা লিখিতভাবে তথ্য মন্ত্রণালয়কে অবহিত করবেন; এবং

২৯.অনুদান প্রদানের পরও সরকার যে কোনো যুক্তিসংগত শর্ত আরোপ করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৫/৬/২০২১

(মোঃ সাইফুল ইসলাম)
উপসচিব
ফোন: ৯৫৪৫৮৬৮
E-mail:sas.film@moi.gov.bd

নং-১৫.০০.০০০০.০৪১.০২.০০৩.২০.১৯৯ (৩৫)

তারিখঃ ০১ জ্যৈষ্ঠ ১৪২৮ / ১৫ জুন ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. বেগম সুবর্ণা মুস্তাফা, মাননীয় সংসদ সদস্য, সংরক্ষিত মহিলা আসন-৪ (৩০৪) ও বিশিষ্ট অভিনেত্রী, হাইজ নং-৩, রোড নং-৩/এ, ফ্ল্যাট নং-১ ও ২, সেক্টর-৫, উত্তরা, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা।
৩. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, তেজগাঁও, ঢাকা।
৪. অধ্যাপক ড. ইনামুল হক, বিশিষ্ট নাট্যকার ও চলচ্চিত্র অভিনেতা, ১ নং নিউবেইলি রোড, ফ্ল্যাট-কে/৭, বেইলিরিজ, ঢাকা।
৫. অধ্যাপক ড. শফিউল আলম ভূঁইয়া, ডিপার্টমেন্ট অব টেলিভিশন এন্ড ফিল্ম স্টাডিজ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৬. জনাব মতিন রহমান, বিশিষ্ট চলচ্চিত্র পরিচালক, ইয়া আল্লাহ,১২/১৩ ইকবাল রোড (১ম তলা) মোহাম্মদপুর, ঢাকা।
৭. বেগম রওশন আরা রোজিনা, বিশিষ্ট চলচ্চিত্র অভিনেত্রী, বাড়ি-১৬, রোড-১৯, সেক্টর-৪, উত্তরা, ঢাকা।
৮. জনাব আহমেদ মুজতবা জামাল, সভাপতি, রেইনবো চলচ্চিত্র সংসদ, বিএস ভবন, লেভেল-৩, রুম নং-১০৫, ৭৫, সাইন্স ল্যাবরেটরী রোড, ঢাকা।
৯. মন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

চলমান পাতা

১০. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১১. সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
১৪. হিসাব রক্ষণ কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. জনাব জাহাঙ্গীর হোসেন মিন্টু (জেড, এইচ, মিন্টু), প্রযোজক ও পরিচালক, চলচ্চিত্র: 'ক্ষমা নেই', ৩৪/বি, রোড-১৩/২, ব্লক-কে, দক্ষিণ বনশ্রী রামপুরা, ঢাকা।
১৬. জনাব নঈম ইমতিয়াজ নেয়ামূল, প্রযোজক ও পরিচালক, চলচ্চিত্র: 'সাড়ে তিন হাত ভূমি', ১৩৮, ব্লক-এ, রাস্তা-০৩, ফ্ল্যাট-৫-বি, নিকেতন, গুলশান-১, ঢাকা-১২১২।
১৭. বেগম বদরুন নেছা খানম, প্রযোজক, চলচ্চিত্র: 'মৃত্যুঞ্জয়ী', ২০৫/২, নিউ এলিফেন্ট রোড (৪র্থ তলা), ঢাকা-১২০৫।
১৮. জনাব এফ এম শাহীন, প্রযোজক, চলচ্চিত্র: 'মাইক', ইউরেকা হোমস্, লেভেল-৩, ২/এফ/১, ময়মনসিংহ রোড, শাহাবাগ, ঢাকা
১৯. মিস্ লুবনা শারমিন, প্রযোজক ও পরিচালক, চলচ্চিত্র: 'নুলিয়াছড়ির সোনার পাহাড়', বাড়ি-৪৮, রোড-১০/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯।
২০. জনাব মিটু সিকদার, প্রযোজক, চলচ্চিত্র: 'জয় বাংলা', বাড়ি নং-১৯০/২, আগারগাঁও তালতলা, শেরে বাংলা নগর, পশ্চিম কাফরুল, ঢাকা-১২১৭।
২১. জনাব মো: জানে আলম, প্রযোজক, চলচ্চিত্র: 'জামদানী', ৮/ডি, ৪র্থ তলা, রোড-১৪(নুতুন) ধানমন্ডি, ঢাকা-১২০৯।
২২. জনাব জাহিদুর রহিম অঞ্জন, প্রযোজক ও পরিচালক, চলচ্চিত্র: 'চাঁদের অমাবস্যা', ১/ই/এ, জিগাতলা, রোড# ৭/এ, ধানমন্ডি আর/এ, ঢাকা-২০৯।
২৩. মিস্ জয়া আহসান, প্রযোজক, চলচ্চিত্র: 'রইদ', জি. টি. ফ্লাট-এ/৪০৩, নিউ-ইস্কাটন রোড, ঢাকা-১০০০।
২৪. মিস্ মাহজাবীন রেজা চৌধুরী, জনাব মো: আসাদুজ্জামান ও জনাব অমিতাভ রেজা চৌধুরী, প্রযোজক, চলচ্চিত্র: 'পেন্সিলে আঁকা পরী', বাড়ি নং ১১, ফ্ল্যাট ২/বি, রোড-৬, সেক্টর-৭, উত্তরা, ঢাকা।
২৫. জনাব অরুণ চৌধুরী, প্রযোজক ও পরিচালক, চলচ্চিত্র: 'জলে জ্বলে', বাড়ী-৭০, রোড-৫, ব্লক-ডি, বসুন্ধরা আবাসিক এলাকা, ঢাকা-১২২৯।
২৬. মিস্ অরুণা বিশ্বাস, প্রযোজক ও পরিচালক, চলচ্চিত্র: 'অসম্ভব',বাড়ি নং#৫৫, রোড#৯/এ, ফ্লাট-বি-৫, ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা ১২০৯।
২৭. মির্জা সাখায়াৎ হোসেন, প্রযোজক ও পরিচালক, চলচ্চিত্র: 'ভাঙন', বাড়ি নং-০৭ (দ্বিতীয় তলা), রোড নং-০৭, ব্লক-সি, মিরপুর-১৩, ঢাকা-১২১৬।
২৮. জনাব রকিবুল হাসান চৌধুরী (পিকলু), প্রযোজক ও পরিচালক, চলচ্চিত্র: 'দাওয়াল', হাউজ-৬৮, রোড-০৮, ব্লক-সি, নিকেতন হাউজিং সোসাইটি, গুলশান-১, ঢাকা।
২৯. জনাব রেজাউর রহমান খান (পিপলু আর খান), প্রযোজক, চলচ্চিত্র: 'বলী', ফ্ল্যাট-এ-৫, বাসা-৯০, রাস্তা-২৩, বনানী, ঢাকা-১২১৩।
৩০. মিস্ তামান্না সুলতানা, প্রযোজক, চলচ্চিত্র: 'শ্রাবণ জোৎস্নায়', ১০/এম, আসিয়া, ফ্লাট: এ/২, টোলারবাগ, মিরপুর ১, ঢাকা-১২১৬।
৩১. জনাব আশুতোষ ভট্টাচার্য, প্রযোজক ও পরিচালক, চলচ্চিত্র: 'দেশান্তর', ফ্ল্যাট-৯এল, এপার্টমেন্ট-৩ এবং ৩এ (দিগন্ত), রোড-পরিবাগ, ঢাকা-১০০০।
৩২. জনাব খোরশেদ আলম খসরু, প্রযোজক, চলচ্চিত্র: 'গলুই', রুম নং-১/১০, ২য় তলা ইস্টার্ণ কমার্শিয়াল কমপ্লেক্স, ৭৩, কাকরাইল, ঢাকা।
৩৩. জনাব মাহফুজুর রহমান, প্রযোজক, চলচ্চিত্র: 'দেয়ালের দেশ', ১৮, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা-১২১৩।
৩৪. জনাব দেলোয়ার হোসেন দিলু, প্রযোজক, চলচ্চিত্র: 'জলরঙ', মেসার্স বাংলাদেশ ড্রাগন ফিল্মস্, বিল্ডিং নং-১২০ (৪র্থ তলা), শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী, মগবাজার, ঢাকা।
৩৫. অফিস কপি।

(মোঃ সাইফুল ইসলাম)
উপসচিব